# শাহজালাল কার্গো ভিলেজে আগুন নিয়ন্ত্রণে, ফ্লাইট চলাচল শুরু



সংগৃহীত ছবি

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুন নিয়ন্ত্রণে এসেছে। পাঁচ ঘণ্টার চেষ্টার পর ফায়ার সার্ভিস ও নিরাপত্তা বাহিনীর যৌথ উদ্যোগে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনা হয়েছে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুন লাগার ঘটনা নিয়ন্ত্রণে এসেছে। ফায়ার সার্ভিস, সেনা, নৌবাহিনী, বিমানবাহিনী, বিজিবি এবং সিভিল অ্যাভিয়েশনের যৌথ প্রচেষ্টায় প্রায় পাঁচ ঘণ্টার চেষ্টার পর আগুন সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে এসেছে।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিমান উপদেষ্টা নিজে ঘটনাস্থলে অবস্থান করে পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। মন্ত্রণালয় সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে সমন্বয় রেখে সকল জরুরি পদক্ষেপ গ্রহণ করছে।

ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, রাত ৯টা থেকে সব ফ্লাইট স্বাভাবিকভাবে চলাচল করবে।

এছাড়া, আগুনের সঠিক কারণ জানার জন্য তদন্ত কার্যক্রম শুরু করা হবে। অগ্নিকাণ্ডের উৎস শনাক্ত করে ভবিষ্যতে এমন ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।